



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী



EIIN No-126487

টেলিফোন : ০৭২১-৭৭২০২৮, ফ্যাক্স : ০৭২১-৮১১৪২২, ই-মেইল : rgwcollege@yahoo.com, rgwcollegerajshahi@gmail.com ওয়েব সাইট : www.rgwcollege.ac.bd & rgwcollege.edu.bd

তারিখ: ১৯/০৮/২০২০ খ্রি.

## বিজ্ঞপ্তি

রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী এর ২০১৯-২০ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীনে Secondary Education Development Program (SEDP) এর আওতায় সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP) এর মাধ্যমে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে উপযুক্ত শিক্ষার্থী বাছাইয়ের জন্য দরখাস্ত আহবান করা হচ্ছে। যোগ্য ও আগ্রহী শিক্ষার্থীদের আগামী ১৯/০৮/২০২০ খ্রি. হতে ২৫/০৮/২০২০ খ্রি. তারিখের মধ্যে আবেদনের জন্য নির্ধারিত ফরম (কলেজের ওয়েবসাইটে পাওয়া যাবে) পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসমূহ ডাকযোগে/কুরিয়ারের মাধ্যমে কলেজের ঠিকানায় পাঠানোর জন্য নির্দেশ দেওয়া হলো।

### আবেদনের শর্তসমূহ :

১. আবেদনকারীকে একাদশ শ্রেণির নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
২. শিক্ষার্থীর অভিভাবকের বার্ষিক আয় ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার কম হতে হবে (স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যায়িত)
৩. শিক্ষার্থীর অভিভাবকের জমির পরিমাণ মেট্রোপলিটান এলাকায় হলে ৫ শতাংশ, পৌর এলাকায় হলে ১০ শতাংশ বা পল্লী এলাকায় হলে ২৫ শতাংশের কম হতে হবে (স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যায়িত)।
৪. শিক্ষার্থীর শ্রেণি উপস্থিতি গড়ে ন্যূনতম ৭৫% থাকতে হবে।
- ৫। ছাত্রীদের সশরীরে উপস্থিতি নিরুৎসাহিত করা হলো।

### প্রয়োজনীয় কাগজপত্র :

১. কলেজ আইডি কার্ড/কলেজে ভর্তির ফরম এর ফটোকপি।
২. এস, এস.সি, এর মার্কশীটের সত্যায়িত ফটোকপি।
৩. এস, এস.সি, এর রেজি: কার্ডের সত্যায়িত ফটোকপি।
৪. পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
৫. অভিভাবকের বাৎসরিক আয়, জমির পরিমাণ ও বৈবাহিক অবস্থা সম্পর্কিত প্রত্যয়ন পত্র (স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যায়িত)।

—  
২০১৮/২০২০

(প্রফেসর সাবরীনা শাহনাজ চৌধুরী)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী।